সমকাল

তারিখ ... 02 AUG 2015 ...
পৃষ্ঠা ... কলাম ...

বিশ্ববিদ্যালয় শিক্ষকদের হুমকি

# দাবি না মানলে উদ্ভূত পরিস্থিতির দায় তাদের নয়

বিশ্ববিদ্যালয় শিক্ষকদের দাবি না মেনে অষ্টম বেতন স্কেল বাস্তবায়িত হলে পাবলিক বিশ্ববিদ্যালয়ে উদ্ভূত পরিস্থিতির দায় শিক্ষকরা নেবেন না বলে হুমকি দিয়েছে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন। গতকাল শনিবার ফেডারেশনের সভাপতি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ ও মহাসচিব অধ্যাপক এএসএম মাকসুদ কামাল স্বাক্ষরিত এক বিবৃতিতে এ হুমকি দেওয়া হয়।

বিবৃতিতে বলা হয়, অষ্টম জাতীয় বেতন কাঠামো পুনর্নির্ধারণ ও স্বতন্ত্র বেতন স্কেল বাস্তবায়নের দাবিতে আন্দোলন করে আসছেন বিশ্ববিদ্যালয় শিক্ষকরা। দাবির যৌক্তিকতা তুলে ধরে শিক্ষামন্ত্রী, অর্থমন্ত্রী ও ইউজিসিসহ সরকারের উচ্চপদস্থ ব্যক্তিবর্গের সঙ্গে আলোচনা ও স্মারকলিপি দেওয়া হয়েছে। তারা শিক্ষকদের দাবির ন্যায্যতা উপলব্ধি করেন। এ বিষয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা করবেন বলেও আশ্বস্ত করেন। কিন্তু সম্প্রতি সরকারের পদস্থ কর্মকর্তাদের কেউ কেউ গণমাধ্যমে এমন মন্তব্য করেছেন যাতে মনে হয়েছে শিক্ষকদের দাবি অযৌক্তিক ও অগ্রহণযোগ্য। নিজেদের স্বার্থ হাসিলের উদ্দেশ্যে কোনো কোনো আমলা অষ্টম বেতন স্কেল নিয়ে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের দাবিসমূহের ভুল ব্যাখ্যা দিয়ে বিভ্রান্তি তৈরি ও দাবি বাস্তবায়নে বাধা সৃষ্টি করছে। সংবাদ বিজ্ঞপ্তি।